

10 DEC 1986

অবির ...

পৃষ্ঠা... ৫ কলাম...

উপজেলা পরিক্রমা

নোয়াখালী সদর

নোয়াখালী, ১৯ ডিসেম্বর
(সংবাদদাতা)।— নোয়াখালী সদর
উপজেলার উভয়ে বেগমগঞ্জ উপজেলা,
দক্ষিণে হাতিয়া উপজেলা, পূর্বে
কোম্পানীগঞ্জ উপজেলা ও পশ্চিমে
লক্ষ্মীপুর উপজেলা অবস্থিত। ৩৬৬
বর্গমাইল আয়তন বিশিষ্ট। এ সদর
উপজেলায় মোট জনসংখ্যা ৪ লাখ ৮৩
হাজার ১শ হাজার ৬০ জন। তার মধ্যে পুরুষ ২
লাখ ৪৫ হাজার ১৯ জন এবং মহিলা ২
লাখ ৩৮ হাজার ১শ ১ জন। পৌরসভা
১টি, ইউনিয়ন ১৮টি এবং ২৮৫টি গ্রাম
নিয়ে গঠিত এ সদর উপজেলা।

কৃষি

এই উপজেলার অধিকাংশ বাসিন্দাই কৃষি
নির্ভরশীল। এখানে প্রধান ফসল ধান,
পাট, আলু, সরিষা ইত্যাদি। প্রয়োজনীয়
কৃষি সরঞ্জামাদি সার, কীচিংশক ও সৃষ্ট
কৃষি ঘণ, পানি; ভালো বীজের অভাবে
উৎপাদন ব্যাহত হচ্ছে। এখানে কৃষি
জমির পরিমাণ ২ লক্ষ ২৪ হাজার একর।
এর মধ্যে আবাদী জমির পরিমাণ ৫৬
হাজার ৪ শত একর। চাষ উপযোগী
পতিত জমি ১৩ হাজার একর। বন্ধুমি ৯
হাজার ৭ শত ২০ একর। অনাবাদী জমি
৪৪ হাজার ৮ শত ৮০ একর। এক ফসলী
লক্ষ ৭ হাজার ৩ শত একর।
দোফসলী ৫০ হাজার ৬ শত একর।
তিন ফসলী ৫ হাজার ৫ শত একর।
পাওয়ার পাম্প ২০টি। গভীর নলকূপ
১৯ টি। কৃষক পরিবার ৪৮ হাজার ৮
শত ২১টি।

শিক্ষা

এখানে শিক্ষিতের হার ২৩.৫%। সরকারী
প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৮২টি।
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৩২টি। তার মধ্যে
বালক ২৬টি, বালিকা ৬টি। জুনিয়র হাই
স্কুল ৩২টি। কলেজ ৬টি, সিলিয়র মাদ্রাসা
১৪টি, জুনিয়র মাদ্রাসা ৫টি, ফোরকানিয়া
মাদ্রাসা ৩৭০টি। বৃত্তিমূলক প্রতিষ্ঠান
১টি। প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র

১টি। সংস্কৃত কলেজ ১টি। এতিমধ্যান
বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান নাম
সমস্যায় জর্জিত।

জনস্বাস্থ্য

এ উপজেলায় হাসপাতাল ১টি (১৫০
শয়া বিশিষ্ট)। স্বাস্থ্য কমপ্লেক্স ৩টি,
দাতব্য চিকিৎসালয় ৩টি। স্বুল স্বাস্থ্য
ক্লিনিক ১টি। চি. বি. ক্লিনিক ১টি।
মেডিকেল এসিস্ট্যাট স্বুল ১টি। পরিবার
কল্যাণ কেন্দ্র ৫টি। হাসপাতাল ও স্বাস্থ্য
কমপ্লেক্সগুলোতে ব্যাপক দুর্নীতির
অভিযোগ পাওয়া গেছে। প্রায় সময়ই
রোগীদের বাইরে থেকে ওষুধ ত্রয় করতে
হচ্ছে।

যোগাযোগ

এই উপজেলায় যোগাযোগ ব্যবস্থা
মোটেই সন্তোষজনক নয়। সোনাপুর
থেকে দক্ষিণে সীমার ঘাট পর্যন্ত এই
গুরুত্বপূর্ণ ব্যস্ততম সড়কটির অবস্থা
অত্যন্ত ক্রুশ। তাছাড়া উপজেলার
প্রত্যন্ত অঞ্চলে রাস্তা-ঘাট, পুল, কালভার্ট
নির্মাণের অগ্রাগতি মহুর। এ উপজেলায়
সড়ক ও জনপথ বিভাগের রাস্তা রয়েছে
ও মাইল।

হাট বাজার

এখানে মোট ৫৩টি হাট বাজার আছে,
তার মধ্যে দৈনিক ৩টি। প্রতি বছর
সরকার নিলামের মাধ্যমে এসব হাট
বাজার থেকে লাখ লাখ টাকা আদায়
করলেও বর্তমানে উন্নয়নের কোন
প্রচলক্ষণ নেয়া হচ্ছে।

বিদ্যুৎ

এ উপজেলা শহর ছাড়াও কিছু কিছু গ্রাম
বিদ্যুতের আওতায় রয়েছে। অধিকাংশ
গ্রাম বা পল্লীতে বিদ্যুতের ব্যবস্থা এখনো
হচ্ছে। তাছাড়া বিদ্যুৎ বিভাগের
আওতাধীন এলাকাগুলোতে নিয়মিত
বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।